



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০১০.২০.৫৩

তারিখঃ ১/০৪/২০২১ খ্রি.

প্রেরকঃ গিয়াসউদ্দিন আহমেদ
পরিচালক(ভিজিডি)

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
খাদ্য ভবন, ১৬, আঃ গণি রোড, ঢাকা

বিষয়: পবিত্র ঈদ-উল-ফিতর, ২০২১ উপলক্ষে উপজেলা ও পৌরসভাওয়ারী ভিজিএফ (আর্থিক) সহায়তা প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের স্মারক নং- ৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫.৮৮ তারিখ : ৩১/০৩/২০২১ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষে ভিজিএফ কর্মসূচির আওতায় সারা দেশের ৬৪টি জেলার ৪৯২টি উপজেলার জন্য ৮৭,৭৯,২০৩টি এবং ক, খ ও গ ক্যাটাগরীর ৩২৮ পৌরসভার ১২,৩০,৭৪৬টি সর্বমোট (৮৭,৭৯,২০৩+ ১২,৩০,৭৪৬) = ১,০০,০৯,৯৪৯টি ভিজিএফ কার্ডের বিপরীতে অতি দরিদ্র ও অসহায় দু:স্থ পরিবারের জন্য কার্ডপ্রতি ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকা হারে আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে ৪৯২টি উপজেলার জন্য ৩৯৫,০৬,৪১,৩৫০/- (তিনশত পচানব্বই কোটি ছয় লক্ষ একচল্লিশ হাজার তিনশত পঞ্চাশ) টাকা এবং ৩২৮টি পৌরসভার জন্য ৫৫,৩৮,৩৫,৭০০/- (পঞ্চাশ কোটি আটত্রিশ লক্ষ পয়ত্রিশ হাজার সাতশত) টাকাসহ মোট (৩৯৫,০৬,৪১,৩৫০+৫৫,৩৮,৩৫,৭০০)= ৪৫০,৪৪,৭৭,০৫০/- (চারশত পঞ্চাশ কোটি চুয়াল্লিশ লক্ষ সাতাত্তর হাজার পঞ্চাশ) টাকা ভিজিএফ সহায়তা প্রদানের লক্ষ্যে ৬৪ জেলার জেলা প্রশাসকগণের অনুকূলে বরাদ্দ প্রদান পূর্বক অর্থ ছাড় করা হলো। উক্ত মঞ্জুরীকৃত অর্থ সংশ্লিষ্ট হিসাব রক্ষণ অফিস কর্তৃক পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০১। ভিজিএফ বরাদ্দের বিষয়ে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণ স্থানীয় মাননীয় সংসদ সদস্যগণকে অবহিত করবেন।

০২। ভিজিএফ উপকারভোগী বাছাইয়ের ক্ষেত্রে নিম্নোক্ত শর্তাবলি অনুসরণ পূর্বক আগামী ০১/০৫/২০২১খ্রি. তারিখের মধ্যে বরাদ্দকৃত টাকা বিতরণ নিশ্চিত করতে হবে।

(ক) আদমশুমারী ২০১১ এর জনসংখ্যা অনুযায়ী ইউনিয়ন ও ওয়ার্ডভিত্তিক বরাদ্দকৃত ভিজিএফ কার্ড সংখ্যা পুন:বিভাজন করে তালিকা প্রস্তুত করতে হবে। www.bbs.gov.bd ওয়েবসাইটে লগইন করে জনসংখ্যার তথ্য পাওয়া যাবে।

(খ) দু:স্থ/অতিদরিদ্র ব্যক্তি/পরিবারকে এ সহায়তা প্রদান করতে হবে। তবে প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত দু:স্থ/অতিদরিদ্র পরিবারকে অগ্রাধিকার দিতে হবে।

(গ) নিম্নোক্ত শর্তাবলীর মধ্যে কমপক্ষে ৪টি শর্ত পূরণ করে এমন ব্যক্তি/পরিবার, দু:স্থ/অতিদরিদ্র বলে গণ্য হবে।

১. যে পরিবারের মালিকানায় কোন জমি নেই বা ভিটাবাড়ী ছাড়া কোন জমি নেই।
২. যে পরিবার দিন মজুরের আয়ের উপর নির্ভরশীল।
৩. যে পরিবার মহিলা শ্রমিকের আয় বা ভিক্ষাবৃত্তির উপর নির্ভরশীল।
৪. যে পরিবারের উপার্জনক্ষম পূর্ণবয়স্ক কোন পুরুষ সদস্য নেই।
৫. যে পরিবারে স্কুলগামী শিশুকে উপার্জনের জন্য কাজ করতে হয়।
৬. যে পরিবারে উপার্জনশীল কোন ব্যক্তি নেই।
৭. যে পরিবারের প্রধান স্বামী পরিত্যক্ত, বিচ্ছিন্ন বা তালাকপ্রাপ্তা মহিলা রয়েছে।
৮. যে পরিবারের প্রধান অসম্মল মুক্তিযোদ্ধা।
৯. যে পরিবারের প্রধান অসম্মল ও অক্ষম প্রতিবন্ধী।
১০. যে পরিবার কোন ক্ষুদ্র ঋণ প্রাপ্ত হয়নি।
১১. যে পরিবার প্রাকৃতিক দুর্যোগের শিকার হয়ে চরম খাদ্য/অর্থ সংকটে পড়েছে।
১২. যে পরিবারের সদস্যরা বছরের অধিকাংশ সময় দু'বেলা খাবার পায়না।

- (ঘ) ইউনিয়ন/পৌরসভা ভিজিএফ কমিটি কর্তৃক প্রকাশ্য সভায় বর্ণিত তালিকা প্রণীত ও প্রত্যায়িত হতে হবে।
- (ঙ) ভিজিএফ উপকারভোগীদের তালিকা এমনভাবে করতে হবে যাতে কোন অবস্থাতেই একই পরিবারের একাধিক ব্যক্তি ভিজিএফ এর অর্থ বরাদ্দ না পায়।
- ৫। মঞ্জুরীকৃত আর্থিক সুবিধা নিম্নবর্ণিত শর্তাদি পালন পূর্বক বিলিবন্টন করতে হবে :
- (ক) উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে কমপক্ষে ৭০% মহিলাকে অন্তর্ভুক্তি নিশ্চিত করতে হবে।
- (খ) বিতরণ শেষে ব্যয়ের প্রতিবেদন ০৭(সাত) দিনের মধ্যে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- (গ) বরাদ্দকৃত ভিজিএফ অর্থ অবশ্যই ট্যাগ অফিসারের উপস্থিতিতে বিতরণ নিশ্চিত করতে হবে।
- (ঘ) বরাদ্দকৃত আর্থিক ব্যয় 'চলতি ২০২০-২০২১ অর্থ বছরের ১৪৯০১০১ - ১২০০০১৯০৩- ভিজিএফ কার্যক্রম-৩৭২১১০১-ত্রাণ কার্যক্রম (নগদ)' খাত হতে নির্বাহ করতে হবে।
- ৬। নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।
- ৬। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

সংযুক্ত: উপজেলা ও পৌরসভাওয়ারী বিভাজন ১৬ (ষোল) পৃষ্ঠা।


০২/৪/২০২০
(গিয়াসউদ্দিন আহমেদ)

পরিচালক (ভিজিডি)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
ফোন: ০২-২২২২৬০২০৯।

ই-মেইল: dvgf@ddm.gov.bd

তারিখ: ১/০৪/২০২১ খ্রি.

স্মারক নং- ৫১.০১.০০০০.০১৮.২০.০১০.২০.৫৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা.....।
- ২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা /চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেটও ময়মনসিংহ।
- ৪। জেলা প্রশাসক,..... (সকল) ।
- ৪। মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। উপজেলা পরিষদ চেয়ারম্যান,----- জেলা -----।
- ৬। উপ-পরিচালক (বাজেট/হিসাব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা,----- জেলা -----।
- ৮। জনাব প্রবীর কুমার দাস, কম্পিউটার প্রোগ্রামার, অত্র অধিদপ্তর। তাঁকে আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের ওয়েবসাইটে Upload ও প্রাপকের বরাবরে ই-মেইলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ৯। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, ----- (সকল), তাঁকে প্রতিদিনের বিতরণের হিসাব অধিদপ্তরের জরুরী সাড়াদান কেন্দ্রে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
- ১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ----- জেলা -----।
- ১১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জরুরী সাড়াদান কেন্দ্র, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা। তাঁকে বরাদ্দপত্র বিভাগীয় কমিশনার এবং সকল জেলা প্রশাসক বরাবর ফ্যাক্স ও ই-মেইল মারফত প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
- ১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, অত্র অধিদপ্তর।


০১/০৪/২০২১

(আব্দুর রহমান)

উপপরিচালক (ভিজিডি-২)

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।